কার্পাসডাঙ্গা কাঁচা বাজারে সিসি রাস্তার ঢালায় কাজের উদ্বোধন

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারের রাস্তা ঢালায় কাজের উদ্বোধন করা হয়েছে। কাচাঁবাজার থেকে সাইকেল বাজারের অভিমুখে ১২০ মিটার রাস্তার সিসি ঢালায় কাজের উদ্বোধন করেন।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় হাট-বাজার উন্নয়ন প্রকল্পের(আর এফ কিউ) অর্থায়নে ৪ লাখ টাকা ব্যায়ে ১২০মিটার রাস্তার উদ্বোধন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাস করা হয়।

এসময় আরো উপস্হিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ: লীগের যুগ্ন সম্পাদক আ:সালাম বিশ্বাস সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল মোখলেছুর রহমান রিপন কার্পাসডাঙ্গা আলিয়া মাদ্রাসার সাবেক প্রধান শিক্ষক গোলাম ইউসুফ,দামুড়হুদা উপ প্রকোশলী আক্তারুজ্জামান, দামুড়হুদা উপজেলা কার্য্য সহকারী রোকন শিকদার, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল, সাধারন সম্পাদক মোস্তাফিজ কচি, প্রচার সম্পাদক শফিকুল ইসলাম, ঠিকাদার টিপু সুলতান সহ স্থানীয় ব্যবসায়ীবৃন্দ।

চুয়াডাঙ্গায় রমজান মাস এবং ঈদুল ফিতর উপলক্ষে বাজারে প্রশাসনের যৌথ মনিটরিং

চুয়াডাঙ্গা জেলায় পবিত্র মাহে রমজান এবং আসন্ন ঈদ-উল ফিতর উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ও শপিংমল পরিদর্শন এবং বাজারদর প্রশাসনের পক্ষ থেকে যৌথ মনিটরিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলার বড়বাজার

সংলগ্ন নিচের কাঁচামালের দোকান, মুরগির দোকান, মাংসের দোকান, মাছের বাজার, মুদি দোকান, পুরাতন গলি কাপড়ের দোকান, নিউমার্কেট ও আব্দুল্লাহ সিটি শপিংমলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তদারকি কার্যক্রম সম্পন্ন হয়।

এসময় বড় বাজার সংলগ্ন মুদিদোকানে মূল্য তালিকা না থাকার অপরাধে, মাছের বাজারে নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে মাছ বিক্রির অপরাধে, চুয়াডাঙ্গা নিউমার্কেট ও আব্দুল্লাহ সিটি শপিংমলে ধার্য মূল্যের অধিক দামে কাপড় বিক্রির অপরাধে বেশ কয়েকজন দোকানদারকে জরিমানা করা হয়। পাশাপাশি, জনসাধারণের চলাচলের জন্য ফুটপাত দখলমুক্ত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত কার্যক্রমে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, এসময় তিনি বলেন আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং চলমান মাহে রমজানে ব্যবসায়ীরা নকল ও ভেজাল পণ্য এবং কোন পণ্যের উপরে দাম অতিরিক্ত নিচ্ছে কিনা সেইজন্য বাজার মনিটরিং করা হচ্ছে। এসময় তিনি ব্যবসায়ীদের প্রতি আহবান করে বলেন পবিত্র মাহে রমজান ও আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে সকল পণ্যদ্রব্য সঠিক মূল্যে বিক্রি করতে হবে পবিত্র রমজান উপলক্ষে দ্রব্যমূল্য সাধারণ মানুষের নাগালের মধ্যে রাখার জন্য বড়বাজার এবং নিউমার্কেট এলাকার বাজার এর সকল ব্যবসায়ীদের আহব্বান জানান এ সময় তিনি দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য এবং রমজান মাসে কেউ যাতে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য ব্যবসায়ী নেতৃবৃন্দের অনুরোধ জানান ।

জেলা মার্কেটিং অফিসার শহিদুল ইসলাম জানান, অভিযানে মাছ, মাংস (মুরগী, গরু, খাসি) ভোজ্য তেল, চিনি, খেজুর, চাউল, সকল প্রকার সবজি, মসলাসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম হাতের নাগালে রাখতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ ও জেলা মার্কেটিং অফিসার মোঃ শহিদুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

দর্শনা হল্ট স্টেশনে বিজিবির অভিযান, ২২লাখ টাকার হেরোইন উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা হল্ট স্টেশনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে বিজিবি। এ অভিযানে চাপাইনবাবগঞ্জ হতে ছেড়ে আসা খুলনা গামী মহানন্দা এক্সপ্রেসে ট্রেনে অভিযান চালিয়ে ভারতীয় ১ কেজি হেরোইন উদ্ধার করেছে। যার আনুমানিক মৃল্য ২২ লক্ষ টাকা।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানান, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত দর্শনা রেলওয়ে ষ্টেশন হয়ে চাপাইনবাবগঞ্জ হতে ছেড়ে আসা খুলনাগামী মহানন্দা এক্সপ্রেস ট্রেনে ভারতীয় হিরোইন পাচার করা হবে এমন প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে গতকাল সোমবার দুপুর দেড় টার দিকে দর্শনা বিওপি কমান্ডার সুবেদার নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেলওয়ে হল্ট ষ্টেশনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

অভিযান পরিচালনাকালে বিজিবি সশস্ত্র টহলদল চাপাইনবাবগঞ্জ হতে খুলনা অভিমূখী ছেড়ে আসা মহানন্দা এক্সপ্রেসের দ্বিতীয় বগির ভিতর ক্যরিয়ারের উপর টিয়া রংয়ের একটি শপিং ব্যাগ দেখতে পায়। টহলদল উক্ত ব্যাগের মালিকানা না পাওয়ায় ব্যাগটি জব্দ করে পরবর্তীতে জব্দকৃত ব্যাগটি খুলে তার ভিতরে থাকা দুইটি লাল রংয়ের ব্যাগের ভিতর ছোট বড় ৯ টি পলিথিনের প্যাকেট হতে ১ কেজি ভারতীয় হিরোইন উদ্ধার করতে সক্ষম হয়।

এ ব্যাপারে সুবেদার মোঃ নওশের আলী বাদী হয়ে পরবর্তী আইনগত প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
এমন তথ্য সাংবাদিকদের এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি।

[redacted]

[redacted]

হলে কৃষিক্ষেত্রে যে অধিকতর মনোযোগ দিতে হবে।

শুরুতেই ২০০৯ সনে নির্বাচিত হয়ে সরকার সেটি অনুধাবন করতে সক্ষম হয়। গত প্রায় এক যুগের বেশি সময় ধরে কৃষিক্ষেত্রে বিভিন্ন খাতে যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে তা বর্তমান সরকারের কৃষি ভাবনার এক বাস্তব প্রতিফলন। ১৯৭৪ সালের বাসন্তীর কাহিনী তুলে ধরে এমপি আলী আজগার টগর বলেন, বর্তমানে আবারো ষড়যন্ত্র শুরু হয়েছে। ছোট্ট একটা শিশুকে ১০টি টাকা দিয়ে প্রথম আলো ঘটনাটি ঘটিয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজি আব্দুল কাদির, উপজেলা আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু প্রমূখ।

আলোচনা শেষে উপজেলার ৩ হাজার ৮০০ জন কৃষককে আউশধানের বীজ, সার ও ৭ হাজার ৬৬০ জন কৃষককে মাথাপিছু এক কেজি করে পাট বীজ বিতরণ করা হয়। এসময় গোবিন্দহুদা সি আইজি পুরুষ (ফসল) সমিতি কে ৩ লক্ষ ৭৮ হাজার টাকা’র চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন উপসহকারী কৃষি কর্মকর্তা সোহরাব হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম প্রমূখ। অনুষ্ঠানের সঞ্চালনা ও সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান।

দর্শনায় মাদক উদ্ধারসহ মধ্য বয়সী দুই নারী আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযানে মাদক উদ্ধার সহ মধ্য বয়সী দুই নারীকে আটক করেছে।

আটককৃতদেরকে ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড ও জরিমানা করা হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ নজরুল ইসলামের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের অফিসার ও সদস্যরা মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন জেলার দর্শনা মোবারকপাড়ায়।

এ অভিযানে মৃত: আব্দুল কুদ্দুসের স্ত্রী হামিদা খাতুন ডলির (৫০) নিজ বসতঘরে তল্লাসী চালিয়ে ২ কেজি গাঁজা উদ্ধার সহ মাদক ব্যাবসায়ী হামিদা খাতুন ডলিকে আটক করেন। আটককৃত মাদক ব্যাবসায়ীকে ভ্রাম্যমান আদালতে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। একই অভিযানিকদল দুপুর ১২ টার দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা শান্তিপাড়ায়। এ অভিযানে শান্তিপাড়ার ইদ্রিস আলীর বসতঘরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজা সহ গৃহকর্তার স্ত্রী কোহিনূর বেগমকে (৫৫) আটক করেন।

আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৯ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ নজরুল ইসলাম।

মোটরসাইকেল চোর চক্রের মূল হোতাসহ গ্রেফতার -৬

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক ০৩ (তিন) টি চোরাই মোটরসাইকেল ও চোরাই কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামাদি উদ্ধার করা হয়েছে ও চোর চক্রের মূল হোতাসহ ৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার মামলার বাদী আব্দুল ওয়াকিল (২৪), পিতা- মোঃ সাইফুল ইসলাম, মাতা- মোছাঃ মনিরা খাতুন, সাং- থানা কাউন্সিলপাড়া, থানা-চুয়াডাঙ্গা সদর, জেলা-চুয়াডাঙ্গা উল্লেখ করে যে, তার নিজ নামীয় কালো-লাল রংয়ের পালসার ১৫০ সিসি মোটরসাইকেল গত ২৬শে মার্চ বিকাল সাড়ে চারটার সময় অজ্ঞাতনামা চোর চুরি করে নিয়ে যায়।

বর্নিত ঘটনায় সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনায় দেখা যায় যে, অজ্ঞাতনামা দুই জন চোর একটি লাল-কালো রংয়ের পালসার মোটরসাইকেল করে গলির মুখে এসে দাঁড়ায়। তাদের মধ্য থেকে একজন হেলমেট মাথায় হাফ হাতা নেভি ব্লু রংয়ের গেঞ্জি পরিহিত অবস্থায় বাদীর মোটরসাইকেলের কাছে এসে তালা ভেঙ্গে মোটরসাইকেলটি চুরি করে নিয়ে পালিয়ে যায়। পরবর্তীতে গত তিন এপ্রিল তারিখে বাদী আব্দুল ওয়াকিল চুয়াডাঙ্গা সদর থানায় হাজির হয়ে অজ্ঞাতনামা চোরদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায়, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান এর তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ হাসানুজ্জামান, এসআই (নিঃ) মোঃ মাসুম বেল্লা ঘটনাস্থলে থাকা সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করেন। তারা চোরাই কাজে ব্যবহৃত মোটরসাইকেল এবং সন্দিগ্ধ চোরের সূত্র ধরে সংগীয় ফোর্সসহ তথ্য প্রযুক্তির সহায়তায় তিন এপ্রিল তারিখ যশোর কোতয়ালী থানাধীন চাঁদপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে সন্দিগ্ধ সনাক্তকৃত আসামী মোঃ আলামিন (৩৪) কে গ্রেফতার করেন। তার হেফাজতে থাকা চোরাই মোটরসাইকেল রেজিঃ নং-যশোর-ল-১৪-৫৫৭০ ও অন্যান্য আলামত জব্দ এবং ব্যাপক জিজ্ঞাসাবাদে তার দেয়া তথ্য মতে একই এলাকায় সন্দিগ্ধ সনাক্তকৃত আসামী জুয়েল রানা (৩৩) এবং হানিফ (৫৫)

দ্বয়কে গ্রেফতার করন।

গ্রেফতারকৃত আসামীদেরকে জিজ্ঞাসাবাদে জানায় যে, চোরাই মোটরসাইকেল মাগুরায় জনৈক সেলিমের কাছে বিক্রি করেছে। গ্রেফতারকৃত আসামীদেরকে সাথে নিয়ে মাগুরা সদর থানা এলাকায় সন্দিগ্ধ সনাক্তকৃত আসামী সেলিম মোল্যা (২৫)কে গ্রেফতার করেন এবং তার হেফাজতে থাকা অতিরিক্ত একটি চোরাই মোটরসাইকেল জব্দ করেন। সেলিমকে জিজ্ঞাসাবাদে জানায় যে, অত্র মামলার চোরাই মোটরসাইকেল জনৈক কামরুজ্জামান আরমান(২৫) এর নিকট বিক্রি করেছে। তখন কামরুজ্জামান আরমানকে তার এলাকা থেকে গ্রেফতার করেন এবং তাকে জিজ্ঞাসাবাদে জানায় যে, অত্র মামলার চোরাই মোটরসাইকেল জনৈক জুনায়েদ হোসেন (২৩) এর নিটক বিক্রি করেছে। এদের তথ্য মতে মাগুরা সদর থানাধীন স্টেডিয়াম পাড়া এলাকা হতে সন্দিগ্ধ সনাক্তকৃত আসামী জুনায়েদ হোসেন (২৩) কে গ্রেফতার করে তার হেফাজতে থাকা অত্র মামলার আলামত চোরাই মোটরসাইকেল জব্দ করা হয়।

গ্রেফতারকৃত আসামীদের মধ্যে ১। মোঃ আল আমিন (৩৪), পিতা-গোলাম মোস্তফা শেখ, স্থায়ী: ব্রহ্মমানী নগর, থানা-লোহাগড়া, জেলা - নড়াইল, বর্তমান: গ্রাম- চাঁদপাড়া, পোঃ- হামিদপুর, থানা- কোতয়ালী, জেলা -যশোর
২। মোঃ জুয়েল রানা (৩৩), পিতা- টিপু শেখ, মাতা- সুফিয়া বেগম, স্থায়ী: গ্রাম- পিংগুলিয়া, থানা- কাশিয়ানি, জেলা -গোপালগঞ্জ, বর্তমান: গ্রাম- চাদপুর, থানা- কোতয়ালী, জেলা -যশোর,
৩। মোঃ আবু হানিফ হাওলাদার (৫৫), পিতা- মৃত ইছাহাক আলী হাওলাদার, মাতা- মোছাঃ জিন্নাত খাতুন, স্থায়ী : গ্রাম- হামিদপুর দক্ষিণপাড়া, থানা- কোতয়ালী, জেলা -যশোর,
৪। মোঃ সেলিম মোল্যা (২৫), পিতা- মৃত হাবিল মোল্যা, মাতা- আনজিরা বেগম, স্থায়ী: গ্রাম- মাইজ পাড়া (প্রাইমারী স্কুল সংলগ্ন), থানা-মহম্মদপুর, জেলা -মাগুরা,
৫। মোঃ কামরুজ্জামান আরমান(২৫), পিতা- মোঃ আব্দুল কাদের, সাং- পারভাটপাড়া, থানা- মোহাম্মদপুর, জেলা- মাগুরা,
৬। মোঃ জুনায়েদ হোসেন (২৩), পিতা- মোঃ মোস্তফা আল আজাদ, সাং- স্টেডিয়ামপাড়া, থানা ও জেলা-মাগুরা।

জব্দকৃত আলামত ও মোটরসাইকেল ০১(এক) টি লাল-কালো পালসার ১৫০ সিসি মোটরসাইকেল, যার রেজিঃ নং- যশোর-ল-১৪-৫৫৭০, যার ইঞ্জিন নং-DHXCMF22576, চেসিস নং-PSUA11CY2MTJ34746, যা আসামীর চোরাই কাজে ব্যবহৃত উদ্ধারকৃত মোটরসাইকেল। ০১ (এক) টি লাল-কালো

পালসার ১৫০ সিসি মোটরসাইকেল, যার ইঞ্জিন নং-DHXCNM35235, চেসিস নং-PSUA11CY4NTB70342, (অতিরিক্ত উদ্ধার) ০১ (এক) টি কালো-লাল রংয়ের পালসার ১৫০ সিসি মোটরসাইকেল, যার ইঞ্জিন নং- DHXCND24830, চেসিস- PSUA11CY1NTH94518.

বাদীর চোরাইকৃত মোটরসাইকেল উদ্ধার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের চুয়াডাঙ্গা সদর থানার মামলা নং-০৫। তিন এপ্রিল গ্রেফতারকৃত আসামিদের আদালতে সোর্পদ করা হয়।

আলমডাঙ্গায় নবাগত ওসির সাথে সাংবাদিকদের মতবিনিময়

থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার নাথের সাথে আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিক নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১ টায় আলমডাঙ্গা থানায় ওসির অফিস কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন- আলমডাঙ্গা প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি রহমান মুকুল, যুগ্ন-সাধারণ সম্পাদক প্রশান্ত বিশ্বাস, ফিরোজ ইফতেখার, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, তানভির সোহেল, নাহিদ হাসান, নাসির উদ্দীন, রানা মাহমুদ প্রমূখ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে নবাগত ওসি বিপ্লব কুমার নাথ বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। পুলিশ ও সাংবাদিক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে সমাজ থেকে মাদক, সন্ত্রাস, ধর্ষণ, নারী নির্যাতন, বাল্যবিবাহ, চাঁদাবাজিসহ সব অপরাধ কমে যাবে। পুলিশ সাংবাদিক এক হয়ে কাজ করলে সমাজ থেকে বেশিরভাগ অপরাধ নির্মূল করা সম্ভব হবে।

অপরদিকে সাংবাদিকরা বলেন, সাংবাদিক পুলিশ প্রকৃত অর্থে দেশ তথা জাতির মঙ্গল কামনায় কাজ করলে দেশ সোনার বাংলায় পরিণত হবে। সাংবাদিকের হাতে কোনো অস্ত্র নেই, একটি কলম পকেটে নিয়ে ২৪

ঘন্টা যেন অতন্দ্র প্রহরীর ন্যায় মানুষের সেবায় কাজ করে থাকে।

দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা গাড়ি থামিয়ে আহত নারীকে রাস্তা থেকে তুলে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠালেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

সোমবার ৩ টার সময় চিৎলা সড়কের উপর সড়ক দূর্ঘটনার কবলে পড়া এক নারীকে রাস্তা থেকে তুলে তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠিয়ে দেন চিকিৎসার জন্য।

জানাগেছে, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা উপজেলার প্রশাসন কার্যলয় থেকে কার্পাসডাঙ্গার উদ্যেশে রওনা হয়ে চিৎলায় পৌছালে রাস্তার পাশে দেখতে পান চন্দ্রবাস গ্রামের এক নারী সড়ক দূর্ঘটনায় আহত হয়ে রাস্তার পাশে অবস্থান করছে। তিনি গাড়ি থেকে নেমে আহত নারীর পাশে গিয়ে তাকে দ্রুত উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানোর ব্যবস্থা করেন।

আলমডাঙ্গায় দুটি প্রতিষ্ঠানকে ১৩ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ২টি প্রতিষ্ঠানকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করেছে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

গতকাল রোববার দুপুর ১২টায় উপজেলার হাইরোড ও আলমডাঙ্গা বাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। এ সময় আলমডাঙ্গা বাজারে মেসার্স সততা স্টোর নামক কসমেটিকস প্রতিষ্ঠানে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। অপর একটি প্রতিষ্ঠান মেসার্স সৌখিন কসমেটিকস ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ জানান, অভিযানে কসমেটিকস, গার্মেন্টস পোশাক, জুতার দোকান, মুরগী, তরমুজ ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এ সময় আলমডাঙ্গা বাজারে মেসার্স সততা স্টোর নামক কসমেটিকস প্রতিষ্ঠানে অভিযানে আমদানিকারকের ট্যাগ বিহীন অবৈধ বিদেশি ও অননুমোদিত কসমেটিকস বিক্রয়ের অপরাধে মালিক আখতার আবজালকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন- ২০০৯ এর ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করে।
অপর একটি প্রতিষ্ঠান মেসার্স সৌখিন কসমেটিকস এর মালিক আলমগীর হোসেনকে নিম্নমানের নকল, মেয়াদ উত্তীর্ণ ও অবৈধ বিদেশি কসমেটিকস বিক্রয়ের অপরাধে ৩৭ ও ৫১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে ২টি প্রতিষ্ঠানকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়। পরবর্তীতে জুতার দোকান, গার্মেন্টস পোশাক, মুরগী, তরমুজসহ বেশকিছু প্রতিষ্ঠান তদারকি করা হয়। সবাইকে সতর্ক করে দেয়া হয় ন্যায্য লাভে পণ্য বিক্রয় ও ভোক্তাকে ঠকানো ব্যবসা পরিহার করতে বলা হয়।
অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন এস আই সমীর এর নেতৃত্বে আলমডাঙ্গা থানা পুলিশের একটি টিম। আরিএই অভিযান অব্যাহত থাকবে।

জীবননগরে ৩৭টি দুস্থ পরিবারের মাঝে বিনামূল্যে টিউবওয়েল বিতরণ

জীবননগরে ৩৭টি অসহায় ও দুস্থ পরিবারের মাঝে বিনামূল্যে টিউবওয়েল বিতরণ করা হয়েছে। গতকাল রোববার সকাল ১০টার সময় জীবননগর উপজেলার মাধবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার মাঠে দোস্ত এইড বাংলাদেশ

সোসাইটির পক্ষ থেকে এসব টিউবওয়েল বিতরণ করা হয়।

দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির নির্বাহী সদস্য সাব্বির আহমেদ মুহিতের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুস্থ পরিবারগুলোর মাঝে টিউবওয়েল বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. রোকুনুজ্জামান ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রোকুনুজ্জামান বলেন, গ্রামের অসহায় মানুষের জন্য সুপেয় নিরাপদ পানি নিশ্চিত করতে কাজ করছে দোস্ত এইড বাংলাদেশ। এ জেলায় অনেকদিন ধরে কাজ করছে সংস্থাটি, রমজানের শুরুতে মানুষের মাঝে ইফতার সামগ্রী ও ফুড প্যাকেট বিতরণ করেছে, তাদের কাজগুলো প্রশংসনীয়।

আগামীতে অসহায় মানুষের সেবায় এ ধরনের কাজগুলোকে অব্যাহত রাখা হোক, এ প্রত্যাশা করি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবক মো. শাহ আলম শরিফুল ইসলাম, দোস্ত এইড সদস্য সাংবাদিক মিথুন মাহমুদ, দোস্ত এইডের সদস্য সাংবাদিক চাষী রমজান, দোস্ত এইডের ব্রাঞ্চ ইনচার্জ হোসাইদ আহমেদ প্রমুখ।